# সরকারি আশেক মাহমুদ কলেজ

একাদশ শ্রেণিরস অর্ধবার্ষিক পরীক্ষা ২০২১

মনোবিজ্ঞান ১ম পত্র বিষয় কোডঃ ১২৩

সময়ঃ ৫০ মিনিট পূর্ণমানঃ ৫০

[যে কোন ৫টি প্রশ্নের উত্তর দাও]

১। সাগর আহমেদ ও মিতালী রহমান দু'জনেই বাংলার অধ্যাপক। মিতালী রহমান পাড়ার ছেলে-মেয়েদের লেখাপড়ায় সহযোগিতা করেন এবং যারা ভালো ফল করে তাদের পুরস্কারে ভূষিত করে। মিতু বাংলা পরীক্ষায় ৭৭% নম্বর পেয়েছে। সে জানালো উত্তরপত্রটি মিতালী ম্যাডাম না দেখে সাগর স্যার দেখলে সে ৮০% নম্বর পেত। বাস্তবিক ক্ষেত্রে দেখা গেল যে মিতুর ধারণাটাই ঠিক, সে ৮০% নম্বরই পেত।

ক) মনো বিজ্ঞানের আধুনিক সংজ্ঞা দাও। ১

খ) প্রাণীর আচরণ মনোবিজ্ঞানের বিষয়বস্তু কেন? ২

গ) উদ্দীপকে মিতালী রহমানের ভূমিকা মনো বিজ্ঞানের কোন শাখার সাথে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩

ঘ) দু'জনের উত্তরপত্রটি মূল্যায়নের ক্ষেত্রে বৈজ্ঞানিক পদ্ধতির কোন কোন নীতির প্রয়োগ বা ব্যত্যয় ঘটেছে তা তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

২। সমাজে মানুষ গ্রহণযোগ্যতা চায়। একে অন্যের ওপর প্রভাব বিস্তার করতে চায়। ব্যক্তির আচরণ ও মানসিক প্রক্রিয়া পযর্লোচনায় মনোবিজ্ঞান কালক্রমে উন্নতি লাভ করে আধুনিক যুগের বর্তমান অবস্থায় এসেছে। মানুসষর শিক্ষা, স্মৃতি, প্রেষণা, বুদ্ধি এসবের প্রায়োগিক দিক সম্পর্কে মনোবিজ্ঞানী তাকে বিজ্ঞানসম্মত ভাবে সহায়তা করে থাকেন।

ক) ক্রাইডার এবং তার ঙ্গীদের প্রদত্ত মনোবিজ্ঞানের সংজ্ঞাটি উল্লেখ করো। ১

খ) মনোবিজ্ঞানের গবেষণাগার কত সালে এবং কোথায় প্রতিষ্ঠিত হয়? ২

গ) মনোবিজ্ঞানের ক্রমবিকাশ উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে মনোবিজ্ঞান কোন ধরনের বিজ্ঞান তা ব্যাখ্যা কর। ৪

৩। দৃশ্যকল্প: করিম, রহিম ও সজল তিন বন্ধু। সবাই করিমকে বেশ আদর করে, কেননা তার ব্যক্তিত্বে পরিবারের সব ভালো গুণগুলো বেশি বেশি পরিলক্ষিত হয় এবং সে সহজেই কারো কানকথায় মনোযোগ দেয় না ও অন্যায় থেকে বিরত থাকে।অন্যদিকে, রহিম লেখাপড়া শেষে ভালো চাকরি না পাওয়ায় প্রায়ই চিন্তিত থাকে। সে জান তার কী করা উচিত, কিন্তু উপায় খুঁজে পাচ্ছে না, তাই সে একজন মনোচিকিৎসকের পরামর্শ আশা করছে। কিন্তু সজল আজকাল বেশ ফুতিতে থাকে। কারণ যে যা করে তাতে সে বেশ সন্তুষ্ট, কেননা সেখানে একজন অন্যকে সহায়তা করে, ফলে কাজের গুণ ও পরিমাণ বৃদ্ধি পাচ্ছে, যা তাদের অতিরিক্ত উপাজর্নেও সহায়ক।

ক) আচরণ কী? ১

খ) জনসভায় বক্তার হাত নাড়ানো একটি খন্ডিত আচরণ কেন ব্যাখ্যা কর। ২

গ) করিমের আচরণ মনোবিজ্ঞানের কোন শাখায় আলোচনা করা হয় ব্যাখ্যা কর। ৩

ঘ) রহিম ও সজলের বণিত গল্প মনোবিজ্ঞানের একই শাখার আলোচ্য বিষয়-বিশ্লেষণ কর। ৪

৮। শাওনের বয়স ১০ বছর। সে ৪র্থ শ্রেণির ছাত্র। একদিন তার গণিত শিক্ষক বাড়ির কাজের জন্য তাকে তিরস্কার করে এরপর থেকে সে অস্বাভাবিক আচরণ শুরু করে। বাসার জিনিসপত্র তুলে আছাড় মারে চেনা মানুষকে পরিচয় জিজ্ঞেস করে। পড়ার বই খাতা বাইরে ফেলে দেয়। শাওনের মা-বাবা বিষয়টি নিয়ে খুবই চিন্তিত। প্রতিবেশী সরকারি কমকতা মাহমুদ সাহেবের পরামর্শে তার মা-বাবা তাকে একজন মনোরোগ বিশেষজ্ঞকে দেখান এবং এতে শাওন অনেকটাই সুস্থ হয়ে ওঠে।

ক) পরীক্ষণ পদ্ধতি কী? ১

খ) শরীরবৃত্তীয় মনোবিজ্ঞানের বর্ণনা দাও। ২

গ) শাওনের বিষয়টি মনোবিজ্ঞানের সে শাখার অন্তগত তার ব্যাখ্যা দাও।৩

ঘ) শাওনের শিক্ষা পদ্ধতি যে মোনোবিজ্ঞানের আলোচ্য বিষয় তার যথাথতা নিরূপণ করো। ৪

৫। দৃশ্যকল্প-1: চিনু ও মিনু দু'বোন।চিনুর বিয়ে হলো্ সে শহরে গেল এবং একটি ভেগ চাকরিও পেল। মিনুরও বিয়ে হলো।সে স্বামী-সন্তান নিয়ে সুখে আছে। মিনুর ছেলে সুন্দর, স্বাস্থ্য ও সুঠাম দেহের অধিকারী। কিন্তু চিনুর ছেলে দুবল ও খিটখিটে মেজাজের। সে মাঠের অভাবে খেলতে পারে না। তাছাড়া চাকরির কারণে চিনু ছেলেকে সময় দিতে পারে না।

দৃশ্যকল্প-২। ১০ সদস্যের পরিবার নিয়ে চম্পা কঠিন সময় পার করছে। চম্পা সন্তান সম্ভবা। সদস্য বেশি থাকার কারণে সে সময়মতো খেতে পারে না। যখন যা পায় তাই খেয়ে নেয়। সন্তান হবার পর সে রক্তশূন্যতায় ভোগে।

ক) বংশগতি কী? ১

খ) বয়ঃসন্ধিকালে ছেলেমেয়েরা বেশি আবেগপ্রবণ হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ) চম্পার শিশুর ক্ষেত্রে জন্ম-পূববরতী পরিবেশের কোন উপাদানটি দায়ী? ব্যাখ্যা করো। ৩

ঘ) চিনু ও মিনু সন্তানদের ওপর জন্ম-পরবতী পরিবেশের ৪

৬। একদিন বাবা বাড়ির বাইরে থেকে গোপনে লক্ষ করলেন, মা তার মেয়েকে দুধের পরিমাণ সম্পকে প্রশ্ন করছে। মেয়ে উত্তর বলছে দুধের পরিমাণ পূব দিনের তুলনায় কিছুটা কম। মা তার মেয়ের নৈতিকতা পরীক্ষা লক্ষে বলেন দুধে একটু পানি মিশিয়ে নাও তাহলেই পূব দিনের সমান হয়ে যাবে। মেয়ে উত্তর দিল এটা করা তো বাবার নিষেধ আছে। মা উত্তরে বলেন, বাবাতো রাতের অন্ধকারে দেখতে পাবে না। মেযে আবার উত্তর দিল, বাবা দেখতে না পেলেও সৃষ্টিকতা তো দেখছেন।

ক) নৈতিক বিকাশ কী? ১

খ) বুদ্ধিবৃত্তিক বিকাশ কী? ২

গ) বাল্যকালে নৈতিক বিকাশ পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ) নৈতিকতা বিকাশে মেয়েটির ঘটনা কীভাবে তোমার জীবনে প্রভাব বিস্তার করতে পারে তা আলোচনা কর। ৪

৭। সুজন ও সুমন যমজ ভাই। তাদের জন্মের চার মাস পর পিতা-মাতার বিবাহ বিচ্ছেদ ঘটে। ফলে সুজনকে তার মা এবং সুমনকে তার বাবা নিয়ে ভিন্ন জীবনযাপন শুরু করে। সুজন তার মায়ের কাছে স্নেহ-আদর পেয়ে বড় হতে থাকে। পক্ষান্তরে, সুমনকে তার বাবা শিশু আশ্রম কেন্দ্রে রেখে লালন পালনের সিদ্ধান্ত নেয়।দশ বছর পর তাদেরকে এক জায়গায় নিয় আসলে দেখা যায়, সুজন সুমনের সাথে মিশতে চাইছে, কিন্তু সুমন সুজনকে দেখে আক্রমণাত্মক আচরণ করছে। এছাড়া তাদের দৈহিক আকৃতিতেও ব্যাপক পাথক্য দেখা যায়। সুজনকে দৈত্যাকৃতির মনে হলেও সুমন ছিল খবাকৃতির, ক্ষীণদেহী এবং ক্ষীণবুদ্ধিসম্পন্ন।

ক) পরিবেশ কাকে বলে? ১

খ) শিশুর লিঙ্গ নির্ধারণে কার ভুমিকা প্রধান? বর্ণনা করো। ২

গ) সুমন ও সুজনের আচরণগত পার্থক্যের কারণ কী? ব্যাখ্যা করো। ৩

ঘ) সুমন ও সুজনের দৈহিক গঠনের জন্য কী একই গ্রন্থি দায়ী? যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

৮। শাহরান প্রাথমিক বিদ্যালয়ে তৃতীয় শ্রেণিতে পড়ে। তার ছোট বোন অপির বয়স 3 বছর। দু'জনের আচরণ সমান নয়। অপি হঠাৎ হাসে আর কেঁদে উঠে। শাহান ভয় পেলে লুকিয়ে থাকে তার অপি ভয় পেলে মুখ লুকায়। অপির হাত থেকে কেউ কোনো বস্তু নিতে চাইলে যে দিতে চায় না এবং সাথে সাথে কাঁদতে থাকে। কিন্তু শাহরানের হাত থেকে কিছু নিতে চাইলে সে দিয়ে দেয় এবং কাঁদে না। নতুন কাউকে দেখলে তারা দুৎজনই ভয় পায়। তবে অপি বেশি এবং শাহরান কম ভয় পায়।

ক) কত বছর বয়সকে বয়ঃসন্ধিকাল বলা হয়। ১

খ) নৈতিক বিকাশ বলতে কি বোঝ? ব্যাখ্যা করো। ২

গ) শাহরান ও অপির আবেগের বৈশিষ্ট্যসমূহ ব্যাখ্যা করো। ৩

ঘ) অপির বয়স যখন দু'বছরে মধ্যে ছিল সেই বয়সের অপির আবেগের ধরন মূল্যায়ন করো। ৪